



**রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক**  
প্রধান কার্যালয়, রাজশাহী  
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোনঃ ০৭২১-৮৬২৪৬৪  
ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৫৬  
০৭২১-৮৬২৪৫১  
ওয়েবসাইটঃ www.rakub.org.bd

প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং- ০৬/২০১৬

তারিখঃ ৩০ মে ২০১৬ খ্রীষ্টাব্দ  
১৬ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

**বিষয়ঃ ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে বিবরণী দাখিল প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর আইএসএমসি সার্কুলার লেটার নং-১, তারিখঃ জানুয়ারী ২০, ২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

২। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক সংশোধিত ও বর্ধিত ছক অনুযায়ী এতদসঙ্গে সংযুক্ত আইএসএস ফরম-২ এর রাকাবের জন্য বর্তমানে প্রয়োজ্য COA/Field Description এর বাংলায় প্রয়োজনীয় ব্যাখ্যা সম্বলিত 'ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা' অনুযায়ী ইন্টারনেট সংযোগ প্রাপ্ত সকল শাখাকে (মাসের শেষ তারিখ ভিত্তিক) বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে দাখিল পূর্বক দাখিলকৃত তথ্যের সঠিকতার প্রত্যয়ন পত্রসহ এর ব্যাকআপ কপি (CSV ও Excel ফরমেটে) তৎক্ষণাৎ অত্রবিভাগের আইএসএস ডেস্ক এ [issdesk@rakub.org.bd](mailto:issdesk@rakub.org.bd) ঠিকানায় ই-মেইলে প্রেরণ এবং শাখার একাধিক কম্পিউটার ও সিডিতে এর ব্যাকআপ কপি (CSV ও Excel ফরমেটে) স্থায়ীভাবে সংরক্ষণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। বাংলাদেশ ব্যাংক এর আইএসএস সংক্রান্ত পত্র- DBI(MIS&RBI)/22/2014-145, Date: 27 February, 2014 এর নির্দেশনায় বলা হয়েছেঃ "..... Branch Manager/In-charge shall be solely responsible in case of late or incorrect data submission." অর্থাৎ তথ্য দাখিলে বিলম্ব হলে কিংবা ভুল তথ্য দাখিলের জন্য শাখা ব্যবস্থাপক এককভাবে দায়ী থাকবেন।

বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনার আলোকে সকল শাখা ব্যবস্থাপককে এতদসঙ্গে সংযুক্ত আইএসএস বিবরণী দাখিল সংক্রান্ত নির্দেশিকাটি পড়ে এ বিষয়ে পুরোপুরি অবগত হতে এবং শাখার সকল কর্মকর্তা/কর্মচারীগণকে এ বিষয়ে পুরোপুরি অবগত করে প্রতি মাসের নির্দেশিত তারিখের মধ্যে যথাযথভাবে নির্ভুল তথ্য দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। কোন কর্মকর্তা/কর্মচারীর বদলী বা ছুটিজানিত অনুপস্থিতিকে কোন অবস্থাতেই যথাসময়ে নির্ভুল আইএসএস বিবরণী দাখিলকরণে ব্যর্থতার কারণ হিসেবে উল্লেখ করা যাবে না।

৪। বর্তমানে আই এ স এ স রিপোর্ট প্রদানকারী শাখা সমূহকে এবং শীঘ্রই ইন্টারনেট সংযোগ সুবিধা প্রাপ্তি সাপেক্ষে সকল শাখাকে প্রতি মাসে যথাযথভাবে আইএসএস রিপোর্টিং সংক্রান্ত যাবতীয় নির্দেশনা পরিপালন করতে হবে।

৫। জোনাল ব্যবস্থাপকগণ দুইজন কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদানের মাধ্যমে তাঁর জোনাল শাখাসমূহ কর্তৃক প্রতি মাসে নির্দেশিত সময়ের মধ্যে প্রধান কার্যালয় ও বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনা মোতাবেক তথ্যাদি যাচাই বাছাই পূর্বক নির্ভুল আইএসএস বিবরণী দাখিলকরণের বিষয়টি নিশ্চিত করবেন।

৬। ভবিষ্যতে আইএসএস ফরম-২ এ কোনরূপ সংযোজন, বিয়োজন, সংশোধন বা পরিবর্তন হলে শাখা ব্যবস্থাপকগণ প্রধান কার্যালয়ে যোগাযোগ করে এ সম্পর্কে নিজ দায়িত্বে অবগত হবেন এবং প্রধান কার্যালয় হতে বাংলাদেশ ব্যাংকের এ সম্পর্কিত সর্বশেষ নির্দেশনা সময়মত অবহিত করা হবে।

এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীর সাথে সরাসরি যোগাযোগ করতে বলা হলো।

**বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর ও জরুরী বিবেচনা করবেন।**

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রিয়াজ উদ্দিন মিয়া)  
মহাব্যবস্থাপক

পত্র নং- প্রকা/কেহিবি-১/৭৪/২০১৫-২০১৬/২০৫৪২(৪৫০)

তারিখঃ ৩০ মে ২০১৬ খ্রীষ্টাব্দ  
১৬ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। মহাব্যবস্থাপক (নিহিআ/প্রশাসন/ পরিচালন) মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৭। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
- ৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯। অফিস নথি/সহানথি।

(মোঃ ইউনুছ আলী)  
উপ-মহাব্যবস্থাপক

যোগাযোগঃ মোঃ আরিফুর রহমান, উর্ধ্বতন কর্মকর্তা, আইএসএস ডেস্ক, ফোন/ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৫১, ০৭২১-৮৬২৪৫৬



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট সেল

আইএসএমসি সার্কুলার লেটার নং-১

তারিখঃ মাঘ ০৭, ১৪২২  
জানুয়ারী ২০, ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়

ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিবিআই-২ সার্কুলার নং-১ তারিখ ২৪ ফেব্রুয়ারী, ২০১৪; আইএসএমসি সার্কুলার লেটার নং-১ তারিখ ২৫ ফেব্রুয়ারী ২০১৫; অত্র সেলের পত্র নং আইএসএমসেল/০২/২০১৫-১৮৭ তারিখ ২৮ মে, ২০১৫ এবং আইএসএমসেল/০২/২০১৫-৭৫০ তারিখ ০৬ অক্টোবর, ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশ ব্যাংকের ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম কে অধিকতর কার্যকর করে তোলার লক্ষ্যে উক্ত সার্কুলারে সংযুক্ত আইএসএস ফরম-১ ও ২ এ কতিপয় তথ্য সংযোজন এবং বিদ্যমান তথ্যের ব্যাখ্যা আরো সহজবোধ্যকরতঃ তা নতুনভাবে প্রণয়ন করা হয়েছে। এ প্রেক্ষিতে জানুয়ারী, ২০১৬ হতে সংশোধিত আকারে প্রণয়নকৃত আইএসএস ফরম ১ ও ২ সঠিকভাবে পূরণপূর্বক সকল তফসিলি ব্যাংক এর প্রধান কার্যালয় ও শাখাসমূহকে বাংলাদেশ ব্যাংকের **Web Portal**-এ রিপোর্ট করতে হবে।

৩। এতদ্ব্যতীত, ইতোপূর্বে প্রদত্ত আইএসএস রিপোর্টিং সংক্রান্ত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংযুক্তি : আইএসএস ফরম -১ প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য  
আইএসএস ফরম -২ সকল শাখার (এডি ও নন-এডি) জন্য প্রযোজ্য

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)  
উপ মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২৫৬

# ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

মোঃ আরিফুর রহমান

উর্ধ্বতন কর্মকর্তা

আইএসএস ডেস্ক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১


রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী

ব্যাংকিং সেক্টরে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং জাল-জালিয়াতি ও অনিয়ম প্রতিরোধ করার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক ০৭ অক্টোবর, ২০১৩ তারিখে 'ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম' বা 'সমন্বিত তদারক ব্যবস্থা' নামে একটি সফটওয়্যার চালু করে- যার মাধ্যমে নিয়মিতভাবে প্রতিটি ব্যাংকের প্রধান কার্যালয় হতে শাখা পর্যায়ে তদারকি কার্যক্রম জোড়দার করা হয়। ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম এর আওতায় শুরুতে ব্যাংকগুলোর প্রধান কার্যালয় ও কেবল এডি শাখাসমূহকে রিপোর্ট করতে হলেও ২০১৫ সালের মে মাস হতে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের সকল নন-এডি শাখাকেও মাসিক ভিত্তিতে রিপোর্টিংয়ের বাধ্যবাধকতায় আনা হয়। ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম চালুর আগে শাখা পর্যায়ে প্রতি মাসে এভাবে নিয়মিত বাংলাদেশ ব্যাংকে সরাসরি এত বিশাল আকারের কোন প্রতিবেদন দাখিল করতে হতো না। শাখা হতে প্রেরিত প্রতিটি তথ্যই বাংলাদেশ ব্যাংকের ইলেকট্রনিক ড্যাশবোর্ডে প্রদর্শিত হয় এবং তা ব্যাংকের সার্বিক অবস্থার চিত্র তুলে ধরে বিধায় বিষয়টি অত্যধিক গুরুত্ব বহন করে। এই গুরুত্বপূর্ণ প্রতিবেদনটি যাতে নির্ভুলভাবে তৈরি ও যথাযথ নিয়মে দাখিল করা যায়, সেজন্য শুরু হতে শেষ অবধি এর প্রতিটি ধাপ এখানে খুব সহজবোধ্য আকারে উপস্থাপন করা হলো।

প্রথমেই মনে রাখতে হবে- প্রতি মাসের (প্রতিবেদনাধীন মাস) তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। এজন্য নিচের ধাপসমূহ অনুসরণ করতে হবে।

**প্রথম ধাপ:** বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট হতে **ISS Form -2** ডাউনলোডকরণ (প্রতি মাসের শুরুতে নতুন করে ডাউনলোড করতে হবে)

- ডেস্কটপে ISS Form\_2 October2015 Branch\_name নামে একটি নতুন ফোল্ডার তৈরী করুন (উদাঃ রংপুর শাখার ক্ষেত্রে ফোল্ডারটির নাম হবে ISS Form\_2 October2015 Rangpur Branch ।
- ওয়েব ব্রাউজারের এড্রেসবার থেকে [webupload.bb.org.bd](http://webupload.bb.org.bd) লিংকে প্রবেশ করুন।
- Integrated Supervision System লেখার উপর ক্লিক করুন।
- Sign In বাটনে ক্লিক করুন।
- User Log In Id :  [আপনার শাখার জন্য নির্ধারিত ID লিখতে হবে]
- Password :  পাসওয়ার্ড টাইপ করুন।
- Enter what you see \* :  বক্সে উপরে দৃশ্যমান অক্ষরগুলো (small letter, capital letter ও number ঠিক রেখে) ছব্ব দ্রুত টাইপ করুন।
- Sign In বাটনে ক্লিক করুন।
- Sign In সাকসেসফুল হলে উপরের দিকে লাল ব্যাকগ্রাউন্ডে সাদা অক্ষরে Welcome! .....X Branch, Rajshahi Krishi Unnayan Bank এবং Welcome to Bangladesh Bank Data Upload System লেখা দেখা যাবে।
- এই পেইজের Download ম্যানুতে ক্লিক করুন। **RIT of ISS-Form-2** লেখার উপর ক্লিক করুন। Save File সিলেক্ট করে OK বাটনে ক্লিক করুন। T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls নামক ফাইলটি ডাউনলোড হবে।
- উক্ত ডাউনলোড করা T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls ফাইলটি ডাউনলোড ফোল্ডার ( বা যে ফোল্ডারে ফাইলটি ডাউনলোড হয়েছে) হতে **Copy** করে ডেস্কটপের ISS Form\_2 October2015 .....x Branch নামের ফোল্ডারে **Paste** করুন।

যে ফোল্ডারে ফাইলটি ডাউনলোড হয়েছে ঐ ডাউনলোড ফোল্ডারটি খুঁজে না পেলে ডেস্কটপের একদম নিচের দিকে টাস্কবারের সর্ববাম কর্নারের  Start বাটনে ক্লিক করে  বক্সে T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls নামটি টাইপ করলে বা কোন Word file-এ নামটি লিখে তা Copy করে  বক্সে Paste করলে উপরে সাদা বক্সে এই নামের ফাইলটি (T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls) প্রদর্শিত হবে। তখন প্রদর্শিত ফাইল নামের (T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls) উপর মাউসের কারসর রেখে মাউসের ডান বাটন ক্লিক করুন → তারপর নিচের দিকের Open file location লেখার উপর ক্লিক করুন → তখন ডাউনলোড ফোল্ডারটির ভিতর ফাইলটি (T\_PS\_M\_FI\_MONITOR\_BR.BANK\_ID.BRANCH\_ID.YYYYMMDD.xls) প্রদর্শিত হবে। তখন প্রদর্শিত ফাইলটি **Copy** করে ডেস্কটপের ISS Form\_2 October2015 .....x Branch নামের ফোল্ডারে **Paste** করুন।

- File name এর উপর ক্লিক করুন → মাউসের ডান বাটনে ক্লিক করুন → **Rename** লেখার উপর ক্লিক করুন।
- T\_PS\_M\_FI\_MONITOR\_BR. লেখার ডানপাশে কারসর রেখে ডিলিট Key (কী) চেপে BANK\_ID মুছে রাকাবের আইডি(33)লিখে পরবর্তী ডট (.) এর ডানপাশে কারসর রাখুন। এরপর ডিলিট Key (কী) চেপে BRANCH\_ID মুছে আপনার শাখার জন্য বরাদ্দ ছয় ডিজিটের আইডি (000000) লিখে পরবর্তী ডট (.) এর ডানপাশে কারসর রাখুন। এরপর ডিলিট Key (কী) চেপে YYYY মুছে 2015 লিখুন, MM মুছে 07 লিখুন, DD মুছে 31 লিখে Enter Key (এন্টার কী) চাপুন [অর্থাৎ রিপোর্টিং মাসের শেষ তারিখ ( YYYYMMDD) ক্রমানুসারে টাইপ করে Enter Key (এন্টার কী) চাপুন]। উদাঃ রংপুর এর আইডি হলো 331275, প্রতিবেদনাধীন মাস অক্টোবর ২০১৫ হলে YYYYMMDD ফরমেটে তারিখ 20151031 লিখুন। বিশেষভাবে

## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

উল্লেখ্য যে, প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখ ছুটির দিন হলেও ঐ ছুটির দিনের তারিখই টাইপ করতে হবে, কোন অবস্থাতেই অন্য কোন তারিখ টাইপ করা যাবে না।

14. উদাহরণস্বরূপ বলা যায় রংপুর শাখার ক্ষেত্রে ফাইলের নামটি নিম্নরূপ দেখা যাবে:

### T\_PS\_M\_FI\_MONITOR\_BR.33.331275.20151031

**দ্বিতীয় ধাপ: T\_PS\_M\_FI\_MONITOR\_BR.33.331275.20151031** ফাইলটির ডাটা ফিল্ডগুলো পূরণকরন:

1. Excel ফাইলটি Open করে A কলামের তিন নং সারির A3 ডাটা ফিল্ডে ক্লিক করে প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখ ফরমুলা বার  $f_x$  এর ক্রমানুসারে স্ল্যাশ (/) না মুছে মাসের জায়গায় মাস, দিনের জায়গায় দিন, বছরের জায়গায় বছর টাইপ করতে হবে [উদা: প্রতিবেদনাধীন মাস অক্টোবর ২০১৫ এর ক্ষেত্রে 10/31/2015 ], কোন অবস্থাতেই অন্য কোন তারিখ টাইপ করা যাবে না।
2. BANK\_ID শিরোনামের B3 ডাটা ফিল্ডে ক্লিক করে দুই (০২) ডিজিটের রাকাবের আইডি 33 টাইপ করুন।
3. BRANCH\_ID শিরোনামের C3 ডাটা ফিল্ডে ক্লিক করে শাখার ছয় (০৬) ডিজিটের আইডি টাইপ করুন [ রংপুর শাখার ক্ষেত্রে 331275 ]
4. B3 এবং C3 ব্যতীত এখানে ডাটা ফিল্ড (data field) বলতে F কলামের (F3 হতে F236) ডাটা ফিল্ডকেই বুঝানো হয়েছে।
5. এক্সেল টেম্পলেট শীটের ডাটা ফিল্ডের সিরিয়াল নং (3 হতে 236) বিদ্যমান ক্রম: অনুযায়ী এখানে বিবৃত হয়েছে।
6. পরবর্তীতে এই এক্সেল টেম্পলেট শীট পরিবর্তন/সংশোধন করে নতুন কোন COA বা ডাটা ফিল্ড (data field) যোগ করা হলে বা কোন COA বা ডাটা ফিল্ড (data field) বাদ দেওয়া হলে এখানে সূত্র: এবং SL. এ উল্লেখিত data field সিরিয়াল নং পরিবর্তিত ক্রম: অনুযায়ী নির্ধারণ করতে হবে।
7. টাকার পরিমাণ প্রকৃত অংকে হবে, কোন কমা ব্যবহার করা যাবে না এবং দশমিকের পরের অংশ পরিহার করা যাবে।
8. T\_PS\_M\_FI\_MONITOR\_BR RIT এর রাকাবের জন্য বর্তমানে প্রযোজ্য Field Description এর প্রয়োজনীয় ব্যাখ্যা বাংলায় নিম্নে দেওয়া হলো এবং ব্যাখ্যায় প্রদত্ত সূত্র: অবশ্যই অনুসরণ করতে হবে:

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
3.	Inter Branch Un-reconciled Debit Entries (number)	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অসমঞ্জিত (Respond যোগ্য) আন্তঃশাখা ডেবিট এন্ট্রি সংখ্যা।
4.	Inter Branch Un-reconciled Debit Entries (amount)	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অসমঞ্জিত (Respond যোগ্য) আন্তঃশাখা ডেবিট এন্ট্রিসের টাকার পরিমাণ।
5.	Inter Branch Un-reconciled Credit Entries (number)	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অসমঞ্জিত (Respond যোগ্য) আন্তঃশাখা ক্রেডিট এন্ট্রি সংখ্যা।
6.	Inter Branch Un-reconciled Credit Entries (amount)	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অসমঞ্জিত (Respond যোগ্য) আন্তঃশাখা ক্রেডিট এন্ট্রিসের টাকার পরিমাণ।
7.	Last date of Inter Br. Reconciliation Completed (YYYYMMDD)	20061231	সর্বশেষ যে তারিখ পর্যন্ত আন্তঃশাখা হিসাব (ডেবিট ও ক্রেডিট উভয়ই) পুরোপুরি সমঞ্জিত আছে। [যদি অফিসিয়ালি তারিখ জানা থাকে]
8.	Total Asset		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সম্পদসমূহের মোট স্থিতি (জিএল এ্যাবস্ট্রাক্ট)। [সূত্র: data field 8= data field 18]
9.	Total Fixed Asset		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট স্থায়ী সম্পদের স্থিতি, উদা: শাখার নিজস্ব জমি ও বিল্ডিং (Land and Building): জিএল হেড ১৩৯, Dead Stock: জিএল হেড ১৩৪, Motor Cars and Vehicles: জিএল হেড ১৩৫ ইত্যাদি।
10.	Head Office General Ledger Positive Balance (after netting off)		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে ক্যালকুলেশন করার পর শাখার আন্তঃশাখা হিসাবের (হেড: ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫,... এর সমষ্টি) মোট স্থিতি যদি পজিটিভ/ডেবিট ব্যালেন্স হয়, তাহলে এখানে স্থিতি লিখতে হবে, আর data field 36 বা নেগেটিভ ব্যালেন্স এ 0.00 লিখতে হবে।
11.	Total Other Asset		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অন্যান্য সম্পদের মোট স্থিতি। [জিএল এ্যাবস্ট্রাক্টের সাব হেড: ১৩৩[Expenses Account], ১৩৯[Land and Building], ১৩৪[Dead Stock], ১৩৫[Motor Cars and Vehicles] ব্যতীত ১৩ মূল হেডের স্থিতি: ১৩১+১৩২+১৩৬+১৩৭+১৩৮+১৩৯+১৩১১+১৩১২+....+১৩১৪+১৩১৫+....+.... এবং আন্তঃশাখা হিসাবের (হেড: ১১১+১১২+ ১১৩+১১৪+১১৫,+...) পজিটিভ/ডেবিট ব্যালেন্স (data field 10) এর মোট যোগফল।]
12.	Accrued Income		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার বকেয়া আয় এর স্থিতি, উদা: Accrued Interest Receivable (জিএল হেড ১৩৭: Accrued Interest Receivable) ইত্যাদি।
13.	Prepaid Expenses Other Than Tax		চলতি অর্থবছরের জুলাই হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত শাখার ট্যাক্স ব্যতীত অন্যান্য অগ্রিম খরচ (উদা: অগ্রিম বাড়ী ভাড়া)। [জিএল হেড ১৩১/৮: Prepaid Expenses]
14.	Suspense Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার Accounts Receivable (জিএল হেড: ১৩১) এর স্থিতি।
15.	Total amount of Protested Bill		Branch's total protested bill amount shown in its statements of affairs/general ledger

## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
16.	Stationary & Stamp		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার জিএল হেড ১৩২: Stationeries and Supplies এবং জিএল হেড ৭২[Cash item] হতে কেবল Stamp(স্ট্যাম্প)এর স্থিতি।
17.	Other Receivables		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার জিএল হেড ১৩১/১১: Accounts Receivable/Miscellaneous এর স্থিতি।
18.	Total Liability		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে দায়সমূহের স্থিতি (জিএল এ্যাবস্ট্র্যাক্ট)। [সূত্রঃ data field 18= data field 8]
19.	Yearly Deposit Target		প্রতিবেদনাধীন অর্থ বছরে আমানতের লক্ষ্যমাত্রা।
20.	Total Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে আমানতসমূহের মোট স্থিতি। [সূত্রঃ data field 20= data field 21+22+23+24+25+26+27]
21.	Total Current Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট চলতি আমানত হিসাবের স্থিতি।
22.	Total Savings Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট সঞ্চয়ী আমানত হিসাবের স্থিতি।
23.	Total STD		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট এসটিডি হিসাবের স্থিতি।
24.	Total Term Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার কেবলমাত্র স্থায়ী আমানত [Fixed Deposit(FDR)] এর স্থিতি।
25.	Total Savings Scheme Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার সকল প্রকার সেভিংস স্কীম ডিপোজিট উদাঃ DPS, RSS, RGPS, KSS, RDMS(ডাবল মানি স্কীম), RTMS(ট্রিপল মানি স্কীম), RMPS ইত্যাদি এর স্থিতি।
26.	Total Margin Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখা কর্তৃক ইস্যুকৃত Bank Guarantee ও LC এর বিপরীতে Margin Deposit এর স্থিতি (যদি থাকে)।
27.	Total Sundry Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার জিএল হেড: ৪১/১০ (সোল্লিমেন্টারি লেজার) এর মধ্যে জামানত বাবদ (সিকিউরিটি মানি) রক্ষিত অর্থ, সাময়িক রক্ষিত আমানত, প্রদেয় ভ্যাট ; জিএল হেড: ৪১/১৩ডি এর প্রদেয় উৎসে কর, জিএল হেড: ৪১/১৬ এর প্রদেয় আবগারী শুল্ক, ৪১/৪ এর মধ্যে মেয়াদী আমানতের প্রতিশনকৃত রক্ষিত সুদ Sundry Deposit হিসেবে সংরক্ষিত (যদি থাকে)।
28.	Total Institutional Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে কোন ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান নয় বরং সেসব প্রতিষ্ঠান যারা কর্পোরেট হিসেবে গণ্য এরকম ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, সরকারী/আধা-সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান হতে গৃহীত আমানতসমূহের মোট স্থিতি।
29.	Total 1 (one) Crore and above Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে এক কোটি ও তদুর্ধ্ব স্থিতি বহনকারী আমানত হিসাব সমূহের মোট স্থিতি।
30.	Total Number of Deposit Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে আমানত হিসাব সমূহের মোট সংখ্যা।
31.	Total Number of 10 Tk. Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার দশ টাকার আমানত হিসাবের সংখ্যা।
32.	Total Number of non-operative 10 Tk. Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার দশ টাকার আমানত হিসাবের মধ্যে যেগুলোতে কমপক্ষে এক বছর ধরে লেনদেন হয়নি সেসব নন -অপারেটিভ দশ টাকার আমানত হিসাবের সংখ্যা।
33.	Total Number of Unclaimed Deposit Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট অদাবীকৃত আমানত হিসাবের সংখ্যা। [Unclaimed deposit account as per BCA definition]
34.	Total amount of Unclaimed Deposit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট অদাবীকৃত আমানত হিসাবে জমাকৃত টাকার পরিমাণ।
35.	Deposit with Insurance Coverage		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার সকল আমানতকারীর প্রত্যেকে র এক লক্ষ টাকা (১,০০,০০০/-) পর্যন্ত আমানতের স্থিতি যোগ (ক্যালকুলেশন) করে প্রাপ্ত মোট যোগফল (স্থিতি) এবং (এছাড়াও ইন্স্যুরেন্সকৃত কোন বিশেষ সেভিংস স্কীম ডিপোজিট যদি থাকে, তার সম্পূর্ণ স্থিতি- যা বর্তমানে রাকাবে নেই)। [আমানতকারীর এক লক্ষ টাকার উর্ধ্বের স্থিতি ইন্স্যুরেন্স কাভারেজভুক্ত নয়। উদাঃ শাখায় জনৈক হাসান সাহেবের নামে কোন একটা আমানত হিসাবে ২,৫০,০০০/- স্থিতি থাকলে, হাসান সাহেবের ঐ হিসাবের কেবল ১,০০,০০০/- ইন্স্যুরেন্স কাভারেজভুক্ত; অবশিষ্ট ১,৫০,০০০/- ইন্স্যুরেন্স কাভারেজভুক্ত নয়।]
36.	Head Office General Ledger Negative Balance (after netting off)		Branch's Head Office general ledger negative/credit balance (after netting off) maintained with its head office. প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে ক্যালকুলেশন করার পর শাখার আন্তঃশাখা হিসাবের(হেড:১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫,...এর সমষ্টি) মোট স্থিতি যদি নেগেটিভ/ক্রেডিট ব্যালেন্স হয়, তাহলে এখানে স্থিতি লিখতে হবে [নেগেটিভ(-)চিহ্ন ব্যবহার করা যাবে না], আর data field 10 বা পজিটিভ ব্যালেন্স এ 0.00 লিখতে হবে।
37.	Total Other Liability		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অন্যান্য দায়সমূহের মোটস্থিতি। [জিএল এ্যাবস্ট্র্যাক্ট হতে সাব হেড: ৪৬[Income Account], ৪৭[Payment Orders Outstanding], ৪৮[Demand Draft Payable], ৪৯[Telegraphic Transfer Payable], ৪১০[Mail Transfer Payable] ব্যতীত ৪ মূল হেড এর স্থিতি: ৪১+৪২+৪৩+৪৪+৪৫+৪১১+৪১২+৪১৩+৪১৪+৪১৫+৪১৬+৪১৭+৪১৮+৪১৯+ ৪২০ +৪২১+৪২২+...+.....] এবং মোট স্বগিত সুদের (জিএল হেড ৫২)স্থিতি [data field 69], জিএল হেড ২১৬ [Provident Fund], জিএল হেড ২১৭ [Super Annuation Fund ], জিএল হেড ২১৮[Death Relief /Reserve Fund] ও আন্তঃশাখা হিসাবের (হেড: ১১১+১১২+১১৩+১১৪+১১৫+ ...) নেগেটিভ/ক্রেডিট ব্যালেন্স (data field 36) এর মোট যোগফল]

## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
38.	Local DD, TT, MT & PO Payable		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে DD, TT, MT ও PO এর বিপরীতে শাখার প্রদেয় টাকার পরিমাণ। [জিএল হেড ৪৭[ <i>Payment Orders Outstanding</i> ], ৪৮[ <i>Demand Draft Payable</i> ], ৪৯[ <i>Telegraphic Transfer Payable</i> ] ও ৪১০[ <i>Mail Transfer Payable</i> ] এর স্থিতির মোট যোগফল।
39.	Foreign DD, TT, MT & PO Payable		Branch's total payable amount against foreign DD, TT, MT and PO
40.	Accepted Bills Payable (Local)		Branch's total accepted local bills payable to other banks
41.	Accepted Bills Payable ( Foreign)		Branch's total accepted foreign bills payable to other banks
42.	Accepted Bills Receivable (Local)		Branch's total accepted local bills receivable from other banks
43.	Accepted Bills Receivable (Foreign)		Branch's total accepted foreign bills receivable from other banks
44.	Other Bills Payable		Branch's all other payable amount against those not covered in other reported items. [প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার অন্যান্য প্রদেয় টাকার পরিমাণ-যেগুলো এই প্রতিবেদনের অন্যান্য আইটেমে ( reported items) রিপোর্ট করা যায়না।]
45.	Sundry Creditors		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার বিবিধ প্রদেয় টাকার পরিমাণ। [জিএল হেড: ৪১/১০ [ <i>Accounts Payable-Miscellaneous</i> ] এর স্থিতি]
46.	Total Off Balance Sheet Exposure	0.00	As per affairs and balance sheet structure
47.	Acceptance and Endorsement	0.00	As per affairs and balance sheet structure
48.	Letters of Guarantee	0.00	ইস্যুকৃত লেটার অব গ্যারান্টির স্থিতির পরিমাণ। (যদি থাকে)
49.	Irrevocable Letters of Credit	0.00	As per affairs and balance sheet structure
50.	Bills for Collection	0.00	As per affairs and balance sheet structure
51.	Other Contingent Liabilities	0.00	As per affairs and balance sheet structure
52.	Other Commitments	0.00	As per affairs and balance sheet structure
53.	Short Term Trade-related Transactions	0.00	As per affairs and balance sheet structure
54.	Forward Assets Purchased	0.00	As per affairs and balance sheet structure
55.	Total no. of Loan Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট ঋণ হিসাব সংখ্যা (স্টাফ ঋণ সহ)
56.	Total Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট ঋণ স্থিতি (স্টাফ ঋণ সহ)। [সূত্র: data field 56= data field 61+62+63+64+65] এবং [data field 56>131>58>60]
57.	Yearly Loan Target		প্রতিবেদনাধীন বছরে শাখার ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা।
58.	Overdue Loan Amount		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট ওভারডিউ ঋণ স্থিতি [Total Recoverable Loan for this month হতে Total Loan Recovered in this month বিয়োগ করে যা থাকে- তার চেয়ে কম বা তার সমান]। [সূত্র: data field 58 = (data field 131 - data field 132)] এবং [data field 131>58>60]।
59.	Total no. of NPL Account		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট শ্রেণীকৃত (SS+DF+BL) ঋণের সংখ্যা। [ফলোআপের শ্রেণীবিন্যাসিত ঋণ স্থিতির সংখ্যা][data field 55>59]
60.	Total NPL Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট শ্রেণীকৃত ঋণ (SS+DF+BL) স্থিতি। [সূত্র: data field 60= data field 63+64+65]
61.	Total Standard Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট UC ঋণ স্থিতি(স্টাফ ঋণ সহ)
62.	Total SMA Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট SMA ঋণের স্থিতি।
63.	Total Substandard Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট SS ঋণের স্থিতি।
64.	Total Doubtful Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে DF ঋণের স্থিতি।
65.	Total Bad/Loss Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে BL ঋণের স্থিতি।
66.	Total Security Value Against Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সকল প্রকার ঋণ ও অগ্রিমের বিপরীতে শাখা কর্তৃক গৃহীত বন্ধকী সম্পত্তির সর্বমোট মূল্য ( CL-4 হতে value of eligible collateral এর summary)। [সূত্র: data field 66>data field 67]
67.	Total Security Value Against Classified Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সকল NPL(SS+DF+BL) ঋণ ও অগ্রিমের বিপরীতে শাখা কর্তৃক গৃহীত বন্ধকী সম্পত্তির সর্বমোট মূল্য [ CL workshee এর value of eligible collateral(কলাম-১৮) এর যোগফল]।
68.	Total Interest Suspense Against Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে ঋণ ও অগ্রিমের বিপরীতে শাখা কর্তৃক রক্ষিত মোট স্থগিত সুদের স্থিতি (৫২ হেড)। [সূত্র: data field 68= 69]
69.	Total Interest Suspense Balance		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সকল প্রকার ঋণের বিপরীতে আরোপিত মোট স্থগিত সুদের স্থিতি(৫২ হেড)। [সূত্র: data field 69=data field 68]
70.	Total Base for Provision		শাখার Total Base for Provision (CL-1 ফর্ম অনুযায়ী)।
71.	Total Provision Required		শাখার Total Provision Required(CL-1 ফর্ম অনুযায়ী)।
72.	Total Provision Kept		শাখায় প্রযোজ্য নয়।
73.	Total Cash Credit Hypo Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট CC-Hypo ঋণের স্থিতি।
74.	Total Cash Credit Pledge Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার মোট CC-Pledge ঋণের স্থিতি।
75.	Total OD/SOD Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট OD/SOD ঋণের স্থিতি।

## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
76.	Total PC/PSC	0.00	Total packing credit (PSC) outstanding balance of the branch as per ledger at the end of reporting month
77.	Total ECC	0.00	Total export cash credit (ECC) outstanding balance of the branch as per ledger at the end of reporting month
78.	Total PAD (General)	0.00	Total payment against document (PAD), except EDF, outstanding balance of the branch as per ledger at the end of reporting month
79.	Total PAD(EDF)	0.00	Total PAD (EDF) loan outstanding balance of the branch as per ledger at the end of reporting month.
80.	Total LTR/MPI	0.00	Self explanatory
81.	Total LIM	0.00	Self explanatory
82.	Total Loan Outstanding Against IBP/LDBP	0.00	Total loan against inland bill purchased (IBP) / local documentary bill purchased (LDBP) outstanding balance of the branch as per ledger at the end of reporting month
83.	Total Loan Outstanding against FDBP	0.00	Total loan against foreign bill purchased (FBP) outstanding balance of the branch as per ledger at the end of reporting month
84.	Other forced loan Outstanding	0.00	Total amount of other forced loan outstanding except IDBP,FDBP,LIM,LTR as per ledger at the end of reporting month
85.	Total Buyer's Credit Outstanding	0.00	Total outstanding balance of buyer's credit facilities as defined by BB at the end of reporting month
86.	Total Supplier's Credit Outstanding	0.00	Total outstanding balance of supplier's credit facilities as defined by BB at the end of reporting month
87.	Other Loans Outstanding	0.00	Sum of all loan outstanding not mentioned in the product cluster of ISS form-2
88.	Total Term Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার দীর্ঘ মেয়াদী ও মধ্য মেয়াদী [জিএল হেড: ১০২, ১০৩, ১০৫এ, ১০৫বি, ১০৮, ১০৯, ১০২৪ ইত্যাদি] ঋণের স্থিতি। [সূত্র: data field 88= data field 100 + data field 101]
89.	Total Lease Financing	0.00	Total lease i.e. transport , machinery etc. outstanding balance of the branch as per ledger at the end of reporting month
90.	Total Retail Credit		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে ব্যক্তি খাতে বা খুচরা যত লোন আছে (স্টাফ ঋণ সহ) তার স্থিতি [ 16 নং data field এ উল্লেখ্য মোট ঋণের স্থিতি হতে কোন লিমিটেড কোম্পানি বা প্রতিষ্ঠান (যাদের গভার্নিং বোর্ড আছে) কে দেয়া বড় অংকের লোনসমূহের সমষ্টি বিয়োগ করে যা থাকে]।
91.	Total Loan Against Credit Cards	0.00	Total loan outstanding against all types of credit card of the branch as per ledger at the end of reporting month
92.	Total Micro-Credit Outstanding		মাইক্রো-ক্রেডিটের আওতায় বিতরণকৃত ঋণ স্থিতি।
93.	Total Outstanding of Loans extended to NGOs		<b>এনজিওদের নিজস্ব প্রয়োজনে</b> এনজিওদের মাঝে বিতরণকৃত ঋণ স্থিতি।
94.	Total Manufacturing and Industrial Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখ পর্যন্ত সকল উৎপাদনশীল খাতে (শিল্প-কারখানায় কাঁচামাল প্রক্রিয়াজাত করে পণ্য উৎপাদনের উদ্দেশ্যে এবং সকল প্রকার কৃষি খাতে ) বিতরণকৃত ঋণের স্থিতি। [সূত্র: data field 56 (Total Loan Outstanding) = data field 94+95+96]
95.	Total Service Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার সেবা খাতে (ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠান, বিডিটি পারলার, সেলুন, হিমাগার ইত্যাদি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান) বিতরণকৃত ঋণের মোট স্থিতি।
96.	Total Non-Manufacturing and Trade Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সকল প্রকার অনূৎপাদনশীল খাতে এবং পণ্য ক্রয়-বিক্রয় ব্যবসা (যা কল-কারখানায় উৎপাদনের উদ্দেশ্যে নয়) খাতে মোট বিতরণকৃত ঋণের স্থিতি (স্টাফ ঋণ সহ)। [১০১৪, ১০২০ হেডে CC-hypo/pledge-Trade এবং সকল প্রকার কনজুমার/স্টাফ ঋণ ও অন্যান্য]
97.	Total Asset backed Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে নিরাপত্তা জামানতের (বন্ধকী সম্পত্তি, কোন আর্থিক ইনস্ট্রুমেন্ট -FDR, শেয়ার, সরকারী/বাংলাদেশ ব্যাংক /ব্যাংক গ্যারান্টি ইত্যাদি ) বিপরীতে বিতরণকৃত এবং সুদারোপ করার পর উক্ত নিরাপত্তা জামানতের আওতাধীন মোট ঋণ স্থিতি (স্টাফ ঋণ সহ)। [সূত্র: data field 56 (Total Loan Outstanding) = data field 97+98]
98.	Total Guarantee Backed (and Unsecured) Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে নিরাপত্তা জামানত বিহীন (data field 97 এ উল্লেখিত নিরাপত্তা জামানতসমূহ ব্যতিরেকে ) বিতরণকৃত এবং সুদারোপ করার পর উক্ত নিরাপত্তা জামানত বিহীন ঋণসমূহের মোট স্থিতি।
99.	Short Term Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় এক বছর ও এক বছরের কম মেয়াদের জন্য বিতরণকৃত ঋণসমূহের মোট স্থিতি। [সূত্র: data field 56 (Total Loan Outstanding) = data field 99+100+101]
100.	Medium Term Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় এক বছরের উর্ধ্বে কিন্তু তিন বছরের কম মেয়াদের জন্য বিতরণকৃত ঋণসমূহের মোট স্থিতি।
101.	Long Term Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় তিন বছর ও তিন বছরের বেশি মেয়াদের জন্য বিতরণকৃত ঋণসমূহের মোট স্থিতি (স্টাফ ঋণ সহ)।
102.	Total SME Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট এসএমই ঋণের স্থিতি।
103.	Total Women Entrepreneur Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট নারী উদ্যোক্তা ঋণের স্থিতি।
104.	Total Agro (Industrial) Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট কৃষি ভিত্তিক প্রকল্প/কৃষি ভিত্তিক শিল্প ঋণের (SBS গাইডলাইন/নির্দেশনা মোতাবেক) স্থিতি।

## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
105.	Total Agro (Pure) Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সরাসরি কৃষি খাতে (শস্য, মৎস্য, পশু সম্পদ, বনায়ন, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি) বিতরণকৃত মোট ঋণের স্থিতি। [Total pure agro loan (as you report to ACD) outstanding balance]
106.	Total Green Financing		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে গ্রীন ব্যাংকিং এর আওতায় বিনিয়োগকৃত মোট ঋণের স্থিতি। [উদাঃ বায়োগ্যাস প্ল্যান্ট, সৌর বিদ্যুৎ, কেচোঁ কম্পোস্ট, জৈব সার, পরিবেশ বান্ধব ইটভাটা ইত্যাদি]
107.	Total Refinanced Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় বাংলাদেশ ব্যাংকের রিফাইন্যান্স এর আওতায় বিতরণকৃত ঋণের স্থিতি।
108.	Director's Loan	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের কোন পরিচালককে এবং পরিচালক সংশ্লিষ্ট কোন ব্যক্তি/ব্যবসায়/প্রতিষ্ঠানকে প্রদানকৃত ঋণের স্থিতি।
109.	Director's Commitment/Undertaking	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের কোন পরিচালকের নামে এবং পরিচালক সংশ্লিষ্ট কোন ব্যক্তি/ব্যবসায়/প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত Commitment/Undertaking এর স্থিতি।
110.	Total Staff Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় স্টাফ লোনের (ব্যাংকের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদানকৃত সকল প্রকার ঋণ) স্থিতি।
111.	Total Loan to Other Bank/FI Directors	0.00	প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অন্য ব্যাংকের পরিচালনা পর্ষদের কোন পরিচালককে এবং পরিচালক সংশ্লিষ্ট কোন ব্যক্তি/ব্যবসায়/প্রতিষ্ঠানকে প্রদানকৃত ঋণের স্থিতি।
112.	Large Loan Exposure as per BB Circular		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে বাংলাদেশ ব্যাংক এর সা কুলার অনুযায়ী কোন একক ঋণ গ্রহীতাকে ব্যাংকের পরিশোধিত মূলধনের ৫% প্রদানকৃত বিশাল আকারের ঋণের মোট স্থিতি। [রাকাবের বর্তমান পরিশোধিত মূলধন ৬৪৫ কোটি টাকা বিবেচনায় (৬৪৫ কোটি X ৫%) = ৩২.২৫ কোটি টাকা বা তদুর্ধ্ব টাকা কোন একক ঋণ গ্রহীতাকে প্রদানকৃত ঋণ, বর্তমানে রাকাবে একমাত্র উদাহরণঃ নীলফামারি শাখার একক ঋণ গ্রহীতা- অংকুর সীড এন্ড হিমাগার লিঃ]
113.	Total Outstanding Amount of Top 50 Loans		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার শীর্ষ ৫০ ঋণ গ্রহীতার (সমন্বিত ঋণ সুবিধা প্রদান বিবেচনায় ১ নং হতে ৫০ নং ঋণ গ্রহীতা) মোট ঋণ স্থিতি।
114.	Total Loan Disbursed and Settled within this Month		প্রতিবেদনাধীন মাসে যে সমস্ত ঋণ বিতরণ হয়ে ঐ মাসেই সম্পূর্ণ আদায় হয়েছে ঐ সকল ঋণের মোট স্থিতি (যদি থাকে)।
115.	Total Loan purchased/ acquisition from Other Bank/FIs		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে অন্য ব্যাংক হতে ক্রয়কৃত ঋণ হিসাবের হালনাগাদ স্থিতি। [Total loan outstanding against the clients who are acquired from other bank/FI by settling their liabilities thereof, at the end of reporting month.]
116.	Total EOL (Excess over limit) against loans		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে চলতিপুঁজি ও SOD ঋণের লিমিট অতিরিক্ত স্থিতি।
117.	Total Interest Free loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার সুদবিহীন ঋণের (জিএল হেড ১০২৪+১০২৫+১০২৬) এর স্থিতি। (যদি থাকে)
118.	Total Loan Against NRB Owner's FDR		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় বিদেশে বসবাসরত নন-রেসিডেন্ট বাংলাদেশী/ প্রবাসীদের FDR এর বিপরীতে (লিয়েন করে) প্রদানকৃত ঋণের স্থিতি।
119.	Total Temporary Over Draft (TOD) Outstanding	0.00	Total unauthorized over draft outstanding balance of the branch as per ledger at the end of reporting month
120.	Total TOD Against Cash Incentive	0.00	Total Temporary Over Draft outstanding against the loans against receivable cash incentive.
121.	Total New Loan Disbursed		শুধুমাত্র প্রতিবেদনাধীন মাসে শাখা কর্তৃক বিতরণকৃত নতুন লোন এবং বিদ্যমান লোনের বর্ধিত অংশের যোগফল।
122.	Unused Part of Commitment		প্রতিবেদনাধীন মাসে ঋণ মঞ্জুর হয়েছে কিন্তু বিতরণ হয়নি বা ঋণগ্রহীতা কর্তৃক উত্তোলন হয়নি এরূপ টাকার পরিমাণ। [চলতিপুঁজি ও SOD ঋণের লিমিট - চলতিপুঁজি ও SOD ঋণের স্থিতি+চলতিপুঁজি ও SOD ঋণের লিমিট অতিরিক্ত স্থিতি+মঞ্জুরীকৃত মেয়াদী ঋণের সীমা - বিতরণকৃত মেয়াদী ঋণ]
123.	Total Rescheduled Loan Outstanding		শাখার মোট রিসিডিউলড লোনের (যা অন্তত একবার রিসিডিউল করা হয়েছে) প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখের স্থিতি। [সূত্রঃ data field 123 = data field 124 + data field 125]
124.	Total Rescheduled Loan Outstanding Presently UC		শাখার সকল প্রকার রিসিডিউলড লোনের (যা অন্তত একবার রিসিডিউল করা হয়েছে এবং যা রিসিডিউল করার পর বর্তমানে UC অবস্থায় আছে) প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখের স্থিতি।
125.	Total Rescheduled Loan Outstanding Presently NP		শাখার সকল প্রকার রিসিডিউলড লোনের (যা অন্তত একবার রিসিডিউল করা হয়েছে এবং যা রিসিডিউল করার পর বর্তমানে Classified) প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখের স্থিতি।



## ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল সংক্রান্ত নির্দেশিকা

SL.	COA DESCRIPTION	Amount	Field Description
126.	Total Declassified Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে সকল প্রকার বিশ্লেণীকরণ (Declassified) লোনের (যা CL/Classified হওয়ার পর অন্তত একবার Declassified বা UC করা হয়েছে) স্থিতি। [সূত্র: data field 126>data field 124 বা অন্ততঃ data field 126= data field 124]
127.	Total Interest Waivered Loan Outstanding		চলতি অর্থবছরের শুরু হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত সুদ মওকুফকৃত (মওকুফ মঞ্জুরিপ্রাপ্তসহ) ঋণের স্থিতি [যদি থাকে]।
128.	Total Blocked Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে মোট ব্লকড (প্রধান কার্যালয়ের অনুমোদনকৃত সুদ যুক্ত, সুদ মুক্ত এবং শর্ত সাপেক্ষে সুদ মওকুফকৃত) লোনের স্থিতি।
129.	Total Write-off Loan Outstanding		প্রতিবেদনাধীন মাস পর্যন্ত শাখার সর্বমোট অবলোপনকৃত ঋণস্থিতি।
130.	Total Irregular Staff Loan Outstanding		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখায় অনিয়মিত (চাকুরী পরিত্যাগ, অবসর গ্রহণ ইত্যাদি বিভিন্ন কারণে অনাদায়কৃত) স্টাফ লোনের স্থিতি।
131.	Total Recoverable Loan for this month		প্রতিবেদনাধীন মাসে মোট শ্রেণীকৃত ঋণ (SS+DF+BL) স্থিতি + মোট SMA ঋণের স্থিতি + আদায়যোগ্য (due) মেয়াদী ঋণের কিস্তির স্থিতি + মেয়াদোত্তীর্ণ অনবায়নকৃত চলতিপুঁজি ও SOD ঋণের স্থিতি + চলতিপুঁজি ও SOD ঋণের লিমিট অতিরিক্ত স্থিতি। [data field 131>58>60] [সূত্র: data field 131= data field 60 + data field 62 + আদায়যোগ্য (due) মেয়াদী ঋণের কিস্তির স্থিতি + মেয়াদোত্তীর্ণ অনবায়নকৃত চলতিপুঁজি ঋণের স্থিতি+ মেয়াদোত্তীর্ণ অনবায়নকৃত চলতিপুঁজি ও SOD ঋণের স্থিতি + চলতিপুঁজি ও SOD ঋণের লিমিট অতিরিক্ত স্থিতি।]
132.	Total Loan Recovered in this month		আদায়যোগ্য ঋণ (Total Recoverable Loan for this month) হতে প্রতিবেদনাধীন এক মাসে মোট প্রকৃত নগদ আদায়। [data field 132< data field 131]
133.	Early Settled Loan amount		প্রতিবেদনাধীন মাসে ঋণের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত মোট অর্থের পরিমাণ।
134.	Total Amount of Written-off Loan (current year)		চলতি অর্থবছরের জুলাই হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত অবলোপনকৃত ঋণস্থিতি।
135.	Total Recovery of Written-off Loan		চলতি অর্থবছরের জুলাই হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত অবলোপনকৃত ঋণ হতে আদায়ের পরিমাণ।
136.	Total Recovery of Classified Loan		চলতি অর্থবছরের জুলাই হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত শ্রেণীকৃত ঋণ স্থিতি হতে মোট আদায় হয়েছে।
137.	Total Outstanding of Term Loan Converted from Continuous, Demand and Time Loan		প্রতিবেদনাধীন মাসের শেষ তারিখে শাখার চলতি পুঁজি ঋণ (CC) ও ওভারড্রাফট (OD) হতে মেয়াদী ঋণে (Term Loan) রূপান্তরিত হওয়া ঋণের মোট স্থিতি।
138.	Total Amount of LTR Converted to Term Loan	0.00	Self explanatory
139.	Total Amount of STL (Except LTR) Converted to Term loan	0.00	Self explanatory
140.	Total Amount of Demand Loan Converted to Term loan	0.00	Self explanatory
141.	Total Amount of Time Loan Converted to Term loan	0.00	Self explanatory
142.	Total Acceptance provided Against Inland Bill Related to Export LC	0.00	Self explanatory
143.	Total Acceptance Provided Against Inland Bill not Related to Export LC	0.00	Self explanatory
144.	Total Acceptance Provided Against Foreign Bill	0.00	Self explanatory
